

প্রাথমিক স্তরের পরিমার্জিত শিক্ষাক্রমের বৈশিষ্ট্য

- পরিমার্জিত শিক্ষাক্রমে শিক্ষানীতি-২০১০ এর ঋপরেখা প্রতিফলন ঘটেছে।
- জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনা অনুসারে শিশুর নিরাপত্তা বিষয়টি পরিমার্জিত শিক্ষাক্রমে সংযোজন করা হয়েছে।
- পরিমার্জিত শিক্ষাক্রমে প্রাচীক যোগ্যতাগুলো পুনঃনির্ধারণ করে নতুনভাবে বিন্যস্ত করা হয়েছে।
- প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে প্রচলিত শিক্ষাক্রমে শিখনফল ও পরিকল্পিত কাজ ছিল না। বর্তমান শিক্ষাক্রমে শিখনফল ও শ্রেণিভিত্তিক পরিকল্পিত কাজ সম্পূর্ণ নতুনভাবে লেখা হয়েছে।
- প্রায় সকল শিখনফলের বিপরীতে পরিকল্পিত কাজ প্রদান করা হয়েছে।
- প্রচলিত শিক্ষাক্রমে পরিকল্পিত কাজ ছিল শিক্ষকের কাজ হিসেবে, পরিমার্জিত শিক্ষাক্রমে তা শিক্ষার্থীর অনুশীলন-কর্ম হিসেবে দেওয়া হয়েছে।
- তথ্য প্রযুক্তির সাথে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেওয়ার অভিপ্রায়ে পরিমার্জিত শিক্ষাক্রমে এ সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যা প্রচলিত শিক্ষাক্রমে ছিল না।
- কোমল মনের অধিকারী শিশুদের দেশপ্রেম ও দেশের প্রতি ভালোবাসার উন্নেষ ঘটানোর প্রাথমিক পদক্ষেপ হিসেবে তাদের সামনে জাতীয় ইতিহাস, জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতির সাথে ধারাবাহিকভাবে পরিচিত করানোর সুযোগ রাখা হয়েছে।
- পরিমার্জিত শিক্ষাক্রমে বিভিন্ন বিষয়বস্তু যাতে সহজবোধ্য হয় এবং শিশু সেগুলো আনন্দের সাথে হৃদয়ঙ্গম করতে পারে, মুখ্য করতে না হয় সেসকল দিকে লক্ষ্য রেখে শিখন-পদ্ধতি, পরিকল্পিত কাজ এবং লেখক ও অঙ্কন-শিল্পীদের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।
- দীর্ঘদিন বিজ্ঞান-প্রায়শ একটি যান্ত্রিক বিষয়রূপে বিবেচিত হয়ে এসেছে। মৌখিকভাবে অনুসন্ধিৎসা, সৃজনশীলতা, উদ্ভাবনী দক্ষতা, প্রশ্ন প্রবণতার কথা উচ্চারিত হলেও প্রচলিত শিক্ষাক্রমে এর প্রতিফলন ঘটেনি। মুখস্থবিদ্যা, প্রতিষ্ঠিত উপাত্ত ও তথ্য অপরিবর্তী বিষয়রূপে শিক্ষার্থীদের কাছে গুরুত্ব পেয়ে এসেছে। পরিমার্জিত শিক্ষাক্রমে এবিষয়টি একটি সজীব, গতিশীল, আনন্দদায়ক ও সৃজনশীল কর্মকাণ্ডরূপে উপস্থাপন করা হয়েছে।
- জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দুর্যোগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব তুলে ধরে পরিমার্জিত শিক্ষাক্রমকে সাজানো হয়েছে।
- বিষয়বস্তুর বোঝা অনেকাংশেই লাঘব করা হয়েছে।
- পরিবেশ পরিচিতি-সমাজ বইটির নাম পরিবর্তন করে রাখা হয়েছে বাংলাদেশ পরিচিতি।
- পরিবেশ পরিচিতি-বিজ্ঞান বইটির নতুন নামকরণ করা হয়েছে প্রাথমিক বিজ্ঞান।
- যুগের চাহিদা ও একুশ শতকের বাস্তবতা ধারন করে শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে।
- জাতীয় শিক্ষানীতি-২০১০ এর নির্দেশনা অনুসারে প্রাথমিক স্তরের ধর্ম শিক্ষা (ইসলাম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্ট) শিক্ষাক্রমে নেতৃত্বিক শিক্ষা সংযোজন করা হয়েছে।